অধ্যায় ৪

# একটি বাসস্থানের বিভিন্ন ওয়ার্কিং এরিয়া (কার্যক্ষেত্র) সম্পর্কে অনুধাবন (Understand the Different Working Areas of a Residence)

## ৪.১ একটি বাসস্থানের বিভিন্ন ক্ষেত্র সম্পর্কে বর্ণনা (Define the various areas of a residence) ঃ

একজন ভালো নকশা অঙ্কনকারীর উন্নতমানের নকশা প্রণয়ন করার কাজে নকশায় ব্যবহৃত বিভিন্ন কক্ষের কার্যাদি সম্বন্ধে ভালোভাবে অবহিত হয়ে এবং নির্ধারিত কক্ষের সাথে অন্যান্য কক্ষের কীরূপ সম্পর্ক থাকা উচিত তাও ভালোভাবে জেনে নিয়ে কক্ষের অবস্থান ঠিক করা প্রয়োজন। কেননা ইমারতের মধ্যে দৈনন্দিন যে-সমস্ত কার্যাদি সম্পাদন করা হয় সেগুলোর সকল বৈশিষ্ট্য এক নয়। সম্পাদিত কাজকর্মের ধরন এবং বাহ্যিক সুবিধার কথা বিবেচনা করে এমন পরিকল্পনা গ্রহণ করতে হবে, যাতে ইমারতে বসবাসকারী একাধিক সদস্যদের ব্যক্তিগত গোপনীয়তা, হাঁটাচলা, আরাম-আয়েশ, আলো-বাতাস চলাচল, স্বাস্থ্যসম্মত জীবনযাপনে উন্নত পরিবেশ বজায় থাকে। একজন স্থপতির দৃষ্টিতে আরামপ্রদ বসবাসের জন্য যে-কোনো ইমারতের তিনটি বৈশিষ্ট্য থাকা প্রয়োজন, যথা–

১। Utility (কার্যোপযোগিতা)

২। Beauty (সৌন্দর্য)

৩। Durability (স্থায়িত্ব)।

**আবাসীদের প্রয়োজনীয় ক্ষেত্রসমূহ নিম্নে দেয়া হলো ঃ**

১। Living room

২। Kitchen room

৩। Dining room

৪। Toilet area

৫। চিত্তবিনোদন কক্ষ

৬। সঙ্গীত কক্ষ (Music room)

৭। পড়াশুনা কক্ষ (Study room)

৮। শরীরচর্চা কক্ষ (Gymnasium)

৯। Studio

১০। Play room

১১। Laundry room ইত্যাদি।

## ৪.২ অভ্যর্থনা কক্ষ (Living room) ঃ

বাড়ির যে স্থানে আগন্তুক প্রথমে প্রবেশ করে এবং যে রুম পর্যন্ত বাহিরের আগন্তুকের প্রবেশের অধিকার থাকে, তাকে Living room বলে। বাড়ির Living room থেকে ঐ বাড়িতে বসবাসরত লোকজনের রুচিবোধ, মনমানসিকতা, সামাজিক প... পারিবারিক ঐতিহ্য সম্পর্কে ধারণা পাওয়া যায়। এটা সাধারণত বাড়ির অন্যান্য রুম থেকে একটু ভিন্ন ধরনের হয়ে থাকে। শুধু এক ধরনের কাজ সম্পাদন হয় না। বিভিন্ন প্রয়োজন ও চাহিদার পরিপ্রেক্ষিতে বিভিন্ন ধরনের কাজ এ এলাকায় করা হয়... অতিথি আপ্যায়ন, খেলাধুলা, সংবাদপত্র পাঠ, বিনোদন, পারিবারিক মিলনমেলা, গানবাজনা, বিভিন্ন শখের কাজ করা... Living room-কে Sitting room, Lounge room, Front room বা Lounge-ও বলা হয়ে থাকে।

**সিংক (Sink) ঃ** সাধারণত রান্নাঘর ও প্যানট্রি (Pantry)-তে ব্যবহৃত থালা-বাসন, গ্লাস ইত্যাদি ধৌত করার জন্য সিংক ব্যবহৃত হয়। বিভিন্ন রকমের সিংক (Kitchen sink) আছে। Store room

1. Cabinet sink
2. Soapstone sink
3. Kitchen sink.

অনেক সময় রান্নাঘরে বা Pantry-তে বেসিন ব্যবহার করা হয়। বিভিন্ন প্রকার বেসিন–

1. Wall hung type
2. Leg type
3. Pedestal type
4. Cabinet type
5. Coner type.

**চুলা বা বার্নার ঃ**

গ্যাসের চুলা দুই বার্নার–

লম্বায় ২′-০″ থেকে ৩′-০″ (৭৫০ মিমি থেকে ৩৫০ মিমি)

চওড়ায় ১২″–১৮″ (৩০০ মিমি থেকে ৫৪০ মিমি)

উচ্চতায় ৮″–১২″ হয়ে থাকে (২০০ মিমি থেকে ৮০০ মিমি)

এক বার্নার –

লম্বায় ১৪″ × চওড়া ১৪″ (২৫০ মিমি থেকে ৩৫০ মিমি)

উচ্চতায় ৮″ থেকে ১২″ হয়ে থাকে (২০০ মিমি থেকে ৩০০ মিমি)

**রান্নাঘরে ব্যবহৃত বিভিন্ন প্রকার ফিক্সচার্স স্থাপনের কৌশল ঃ**

রান্নাঘরে Storage এর জন্য বিভিন্ন ক্যাবিনেট স্থাপন করা হয়। তরি-তরকারি ধোয়ার জন্য সিংক ব্যবহার করা হয় কাউন্টারের পরে এবং প্রস্তুতি স্থানের আগে এবং সিংকের কাছে অবশ্যই জানালা থাকতে হবে। সিংকের স্থানের পরে চুলার এবং যে পথে বাতাস চলাচল করে সেখানে চুলা রাখা যাবে না। সিংক এবং চুলা সিমেন্ট বা RCC ঢালাই কাউন্টারের উপ করা হয়।













